

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪১৯০
তেলিয়ামুড়া, ১৩ ডিসেম্বর, ২০২৩

প্রতি ঘরে সুশাসন ২.০
মুঙ্গিয়াকামি ব্লকে বিকাশ শিবির

বিকশিত ভারত সংকল্প যাত্রা ও প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানে গত ১১ ডিসেম্বর মুঙ্গিয়াকামি ব্লকের দেওয়ান সর্দার পাড়া নিম্ন বুনিয়াদি বিদ্যালয়ে বিকাশ শিবির অনুষ্ঠিত হয়। ব্লকের মহারানীপুর, দক্ষিণ মহারানীপুর, নমনজয়বাড়ি ও শ্রীরামখাড়া ভিলেজকে নিয়ে এই শিবির অনুষ্ঠিত হয়। শিবিরের উদ্বোধন করেন মুঙ্গিয়াকামি বিএসি'র চেয়ারম্যান সুনিল দেববর্মা। শিবিরে উপস্থিত ছিলেন তেলিয়ামুড়া মহকুমা পুলিশ আধিকারিক প্রসুনকান্তি ত্রিপুরা, সমাজসেবী প্রণয় দেববর্মা ও বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। শিবিরে তেলিয়ামুড়া মহকুমা প্রশাসন থেকে ৭টি পিআরটিসি, ৪টি এসটি, ৯টি ইনকাম ও ২২টি আর ও আর সার্টিফিকেটের আবেদনপত্র গ্রহণ করা হয়। শিবিরে স্বাস্থ্যদপ্তর থেকে ১২ জনকে চিকিৎসা করে প্রয়োজনীয় ঔষধ দেওয়া হয়। সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তর থেকে মুখ্যমন্ত্রী অন্ত্যোদয় যোজনায় ৫টি ও প্রধানমন্ত্রী মাত্র বন্দনা যোজনায় ৫টি আবেদনপত্র গ্রহণ করা হয়েছে। মৎস্যদপ্তর থেকে ২ জন মৎস্যচাষীকে মৎস্যচাষের সহায়তা দেওয়া হয়েছে।
